

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)

নং- ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২০২৪.৩১৯

তারিখ: ৬ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ  
২১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

### ৫ম নিয়োগ সুপারিশের ফলাফল বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ৩১/০৩/২০২৪ খ্রিঃ তারিখে প্রকাশিত ৫ম গণবিজ্ঞপ্তির আওতায় ১১/০৬/২০২৪ খ্রিঃ তারিখে ২২,০৩৩ জন প্রার্থীকে এমপিওভুক্ত শিক্ষকদের শূন্য পদে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। নির্বাচিত প্রার্থীদের মধ্যে ১২ জন প্রার্থীর নিবন্ধন সনদ জাল পাওয়া যাওয়ায় তাদেরকে বাদ দিয়ে অবশিষ্ট ২২০২১ জন প্রার্থীকে পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন কার্যক্রম চলমান অবস্থায় নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। সুপারিশপ্রাপ্ত প্রার্থী ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে SMS যোগে অবহিত করা হয়েছে। নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণকে এনটিআরসিএ এর ওয়েবসাইটে([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)) ৫ম গণবিজ্ঞপ্তি নামক সেবা বক্সে অথবা সরাসরি <http://ngi.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহারের মাধ্যমে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোড করে সুপারিশ পত্রে বর্ণিত প্রতিষ্ঠানে ১৯.০৯.২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

২। পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন প্রতিবেদনে নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থী অনুপযুক্ত বিবেচিত হলে এ সুপারিশপত্র তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রার্থীকে অব্যাহতি প্রদান করবে।

৩। প্রার্থী যোগদানের নির্ধারিত তারিখের পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে প্রতিষ্ঠান প্রধানগণ তাদের স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে টেলিটকের <http://ngi.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে Joining Status অপশনে “Yes” ক্লিক করবেন। প্রার্থী যোগদান না করলে Joining Status-এ “No” ক্লিক করে Reason-এর ঘরে যোগদান না করার সম্ভাব্য কারণ উল্লেখ করবেন।

৪। কোন প্রার্থী কিংবা প্রতিষ্ঠান প্রধান টেকনিক্যাল কারণে SMS না পেলে এনটিআরসিএ-এর ওয়েবসাইট থেকে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের তালিকা এবং নিয়োগ সুপারিশপত্র সংগ্রহ করতে পারবেন।

২২.০৮.২০২৪

মুহম্মদ নুরে আলম সিদ্দিকী (যুগ্মসচিব)  
সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)  
এনটিআরসিএ, ঢাকা  
ফোন : ৪১০৩০০৪২